দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 MAY 1988
পৃষ্ঠা 9 কলাম 7

৪৪

## মাদ্রাসা শিক্ষা প্রসঙ্গ

১৩ই মে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত মাদ্রাসা শিক্ষার সমস্যাগুলির উপর আলোকপাত করা হইয়াছে। ফাজিল স্নাতক ও কামিলকে মাষ্টার্স ডিগ্রীর মান দেওয়ার পরও চাকুরীর ক্ষেত্রে সরকার যেন কেমন উদাসীন। চাকুরী না পাইয়া বিভিন্নভাবে মাদ্রাসার ছাত্ররা অবহেলিত হইতেছে। ইসলামী বিশ্ববিদ্যালয়কে এফিলিয়েশন ক্ষমতা দেওয়া হইতেছে না। মফস্বল কলেজে অনার্স আছে, অথচ মাদ্রাসায় নাই। মাদ্রাসা টিচার্স ট্রেনিং কলেজ নাই। অন্যত্র ভর্তির সুযোগও নাই। ফাজিল কামিল ডিগ্রিধারী ছাত্রদের বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের সুযোগও সরকার দিতেছেন না। অথচ সম্মান বলিয়া সান্ত্বনা দিতেছেন। এই বৈষম্য দূর করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ দেলওয়ার হোসেন, কামিল (মাষ্টার্স), মাদ্রাসা-ই-আলীয়া, ঢাকা।